

## কলারোয়া হাজি নাহিরউদ্দীন কলেজ বেতন আটকে রাখায় শিক্ষকদের হাতে সভাপতি লাঞ্চিত

অভিনিবি, কলারোয়া (সাতক্ষীরা)

কলারোয়ায় হাজি নাহিরউদ্দীন কলেজের শিক্ষকদের বিনা কারণে ৪ মাস বেতন বন্ধ রাখার ঘটনায় পরিচালনা পর্ষদ সভাপতি ইনাম হককে লাঞ্চিত করেছে শিক্ষক ও ছাত্রছাত্রীরা। গত সোমবার দুপুর ১০টার দিকে সভাপতি কলেজে

আসলে কলেজ গেটে এ ঘটনা ঘটে। জানা গেছে, গত ৯ ফেব্রুয়ারি কলেজ পরিচালনা কমিটি পুনর্গঠন ও অধ্যক্ষের অপসারণের দাবিতে ওই কলেজের ৪০ জন শিক্ষক কর্মচারী ও শত শত ছাত্রছাত্রীরা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে এবং কলেজ অধ্যক্ষ আবদুল মোমিনকে কলেজে প্রবেশ বাধা দেয়। এ ঘটনায় কলেজ পরিচালনা কমিটির সভাপতি ইনাম হক ১২ ফেব্রুয়ারি কলেজটি অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে। পরে সাতক্ষীরা জেলা প্রশাসকের নির্দেশে সভাপতি কলেজটি ২৫ ফেব্রুয়ারি খুলে দেয়। এরপর বিষয়টি জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক, কলারোয়া উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা চেয়ারম্যানের উপস্থিতিতে পৃথক পৃথকভাবে কয়েক দফায় বসার পরও কোন মীমাংসা না হওয়ায় কলেজটি কলেজ অধ্যক্ষ হাড়াই ওই ৪০ জন শিক্ষক কর্মচারী বিনা বেতনে শান্তিপূর্ণভাবে চলিয়ে আসছেন। চলতি এইচএসসি পরীক্ষা ও গরমের ২২ দিন ছুটির পর গত সোমবার কলেজ খোলার দিন থাকায় সোমবার রাত ১০টার দিকে সভাপতি ও অধ্যক্ষ আবদুল মোমিনের উপস্থিতিতে তাদের ভাড়াটিয়া কিছু লোকজন অফিস, শ্রেণীকক্ষ ও গেটে চলমান যে তালাবন্ধ থাকে তার ওপর অতিরিক্ত আর একটি তালা লটকানো হয়।

এ বছর জানতে পেরে কলেজের শিক্ষক ও ছাত্রছাত্রীরা সোমবার সকালে কলেজে এসে প্রত্যেকটি তালা ভেঙে কলেজ প্রবেশ করে এবং অন্যদিনের মতো ছাত্রছাত্রীদের নিয়ে কলেজ ও ক্লাস পরিচালনা করেন। দুপুরের দিকে কলেজ পরিচালনা কমিটির সভাপতি ইনাম হক আন্দোলনকারী শিক্ষকদের কাছে তালা ভাঙার কারণ জানতে আসলে বিক্ষুব্ধ শিক্ষক ও ছাত্রছাত্রীরা সভাপতিকে কলেজে প্রবেশ করতে বাধা দেয়।

এ সময় সভাপতি ইনাম হকের সঙ্গে শিক্ষক ও শিক্ষার্থীদের সঙ্গে বাকবিতণ্ডা হয়। পরে শিক্ষকরা ৪ মাস বেতন বন্ধ থাকার কারণ জানতে চাইলে সভাপতি তাদের গালিগালাজ করে। এতে ফুর্ত হয়ে শিক্ষক ও শিক্ষার্থীরা তাকে লাঞ্চিত করে কলেজ থেকে বের করে দেয়। এ নিয়ে কলেজ ক্যাম্পাসে উত্তেজনা বিগ্রহ করছে।